# Times Today BD

মীর খায়রুল আলম | খুলনা | 20 May, 2025

সাতক্ষীরার আশাশুনি সদরে বিদ্যুৎ স্পৃষ্ট হয়ে শাহিনুর নামে এক ব্যক্তি মৃত্যুবরণ করেছেন।মঙ্গলবার আশাশুনি সদর ইউনিয়নের সোদকনা গ্রামে এ ঘটনা ঘটে।সোদকনা গ্রামের জামাল উদ্দীনের ছেলে শাহিনুর (৩১) মঙ্গলবার বেলা ১১ টার দিকে বাড়ির পাশে সোদকনা বিলে মৎস্য ঘেরের মটরে বিদ্যুতের তার লাগাচ্ছিল।

এসময় কেউ তার সাথে ছিলনা। সবার অজান্তে বিদ্যুতায়িত হলে তিনি ইন্তেকাল করেন। (ইন্নালিল্লাহি অইন্না ইলায়হি রাজেউন)। দুপুর আড়াইটার দিকে তাকে খোজ করার এক পর্যায়ে ঘেরের মটরের কাছে পুকুরে তার মৃতদেহ দেখতে পায়।মৃতকালে তিনি মা-বাবা, স্ত্রী, এক ছেলে, ভাইবোন রেখে যান।থানার এসআই ফিরোজ হোসেন ঘটনাস্থান পরিদর্শন করেন।

বিদ্যুৎস্পৃষ্ট মৃত্যু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:08

URL: https://www.timestodaybd.com/khulna/2765331081